কানাইঘাটে মাদক ব্যবসায়ী , গরু চোরসহ ১১ আসামী গ্রেফতার

কানাইঘাট প্রতিনিধি :

সিলেটের কানাইঘাট থানা পুলিশ বিশেষ অভিযান পরিচালনা করে মদ সহ মাদক ব্যবসায়ী , গরু চোর সহ বিভিন্ন মামলার ওয়ারেন্ট ভূক্ত ও নিয়মিত মামলার ১১ জন আসামীকে গ্রেফতার করেছে। গত শুক্রবার রাতে উপজেলার বিভিন্ন এলাকায় অভিযান চালিয়ে পুলিশের বেশ কয়েকটি টিম এসব আসামীদের গ্রেফতার করতে সক্ষম হয়। এর মধ্যে মাদক সহ উপজেলার বাউরভাগ পশ্চিম আটগড়ি গ্রামের জফুর আলীর পুত্র মাদক ব্যবসায়ী আব্দুল বাসিত , বড়চাতল গ্রামের আব্দুস সাকুরের পুত্র এলাকার অসংখ্য গরু চোরের হুতা কুখ্যাত গরু চোর দেলোয়ার হোসেন , ওয়ারেন্ট ভূক্ত আসামী বাউরভাগ ১মখন্ড গ্রামের মৃত জলাল আহমদের পুত্র আব্দুস সালাম , সোনাতনপুঞ্জি গ্রামের মৃত রফিকুল হক গুটাইর পুত্র আব্দুল মনাফ ফেরাই , একই গ্রামের রশিদ আলীর পুত্র আব্দুন নুর , বাউরভাগ ৩য় খন্ড গ্রামের ফয়জুল হকের পুত্র রফিক আহমদ , নিয়মিত মামলার আসামী খালপাড় গ্রামের আলা উদ্দিন , কয়ছর আহমদ, আমিনুল ইসলাম কয়েছ। ধৃত আসামীদের আজ শনিবার আদালতে সোপর্দ করেছে পুলিশ। থানার অফিসার ইনচার্জ তাজুল ইসলাম জানিয়েছেন পুলিশের এ অভিযান অব্যাহত থাকবে।